## Contents at a glance


1. Password Threats ........................................ 1
2. E-Mail Security ........................................ 5
3. Online Scams ........................................ 9
4. Social Networking Risks ........................................ 13
5. ATM Threats ........................................ 17
6. Online Banking ........................................ 19
7. Online Shopping ........................................ 23
8. Mobile Security ........................................ 25


## এক নজরে বিষয়সূচি


১. পাসওয়ার্ড থেকে বিপদ ........................................ ২

২. ই-মেলের নিরাপত্তা ........................................ ৬

৩. অনলাইন প্রতারণা ........................................ ১০

৪. সোসাল নেটওয়ার্কিং-এর ঝুঁকি ........................................ ১৪

৫. এ টি এম- এর বিপদ-আপদ ........................................ ১৮

৬. অনলাইন ব্যাঙ্কিং ........................................ ২০

৭. অনলাইন কেনাকাটা ........................................ ২৪

৮. মোবাইল নিরাপত্তা ........................................ ২৬

# How to remain Cyber-safe

Here, we shall discuss eight technology-driven situations in Cyber-space and how to remain cyber-safe. Every citizen, while working with internet using computing or cell phone – should know the basics of these situations and take appropriate precautions – while working on-line. Please remember proper "awareness" and "alertness" can save you from getting into trouble in this e-world.

## 1. PASSWORD THREATS

The passwords should not be shared with other persons as they might be misused. The Stolen passwords can be used by unauthorized users who may collect your personal information.

### Shoulder Surfing:




One way of stealing the password is standing behind an individual and note the password while he/she is typing it (Shoulder Surfing). Shoulder surfing is a direct observation technique to get passwords, PINs, other sensitive personal information one may listen in on your conversation if you give your credit-card number over the phone. Shoulder surfing is easily done in crowded places. It's comparatively easy to stand next to someone and watch as they fill out a form, enter a PIN number at an ATM machine. or use a calling card at a public pay phone. Do not write passwords in disk or paper so that the Cheater get it easily.

### Bruteforce attacks:

Another way of stealing the password is through guess. Hackers try all the possible combinations with the help of personal information of an individual. They will try with the person's name, pet name (nick name), numbers (date of birth, phone numbers), school name ... etc. When there are large number of combinations of passwords the hackers uses fast processors and some software tools to crack the password. This method of cracking password is known as "Brute force attack".

# সাইবার নিরাপত্তা কোন পথে ?

এখানে আমরা তথ্যপ্রযুক্তিজনিত আটটি বিষয়ের আলোচনা করব যা থেকে আমরা বোঝার চেষ্টা করব কেমনভাবে আমাদের ব্যক্তিগত তথ্য নিরাপদ ও সুরক্ষিত রাখা যাবে। **কম্পিউটার** ও মোবাইলের মাধ্যমে সকল ইন্টারনেট ব্যবহারকারীর ইন্টারনেট ব্যবহার করার আগে প্রাথমিক কিছু জ্ঞান থাকা আবশ্যক; যে জ্ঞান তাদের প্রয়োজনীয় রক্ষাকবচের কাজ করবে। মনে রাখবেন, সঠিক সচেতনতা ও সঠিক সতর্কতা আজকের ই-বিশ্বের অবাঞ্ছিত হয়রানি থেকে আপনাকে মুক্ত রাখবে।

## ১. পাসওয়ার্ড থেকে বিপদ (Password Threats)

আপনার পাসওয়ার্ড অন্য কাউকে জানাবেন না। পাসওয়ার্ড চুরিও হতে পারে। এরকম হলে তার অপব্যবহার হতে পারে এবং আপনার ব্যক্তিগত তথ্য অন্যকেউ জেনে ফেললে আপনি বিপদে পড়তে পারেন।

### উঁকি-ঝুঁকি মারা (Shoulder Surfing)




উঁকি-ঝুঁকি মারা বা সোল্ডার সার্ফিং একরকম পাসওয়ার্ড চুরির পদ্ধতি। আপনি যখন আপনার **কম্পিউটার** বা মোবাইলে আপনার পাসওয়ার্ড বা পিন নম্বর টাইপ করেন তখন অনেক সময় কেউ পিছন থেকে বা আড়ালে দাঁড়িয়ে তা দেখে ফেলতে পারে বা চুরি করতে পারে। এ টি এম-এ টাকা তোলার সময় বা ফোনে আপনি যখন কাউকে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নম্বর বলছেন— এমন সময় একজন প্রতারক তা সহজেই দেখে বা শুনে ফেলতে পারে, যার ফলে আপনি সর্বস্ব খোয়াতে পারেন। **কম্পিউটার**রের হার্ডডিস্ক বা অন্যকোথাও আপনার পাসওয়ার্ড লিখে রাখবেন না যাতে করে প্রতারক সহজেই তা জেনে যেতে পারে।

### গা-জোয়ারি আক্রমণ (Bruteforce attacks)

পাসওয়ার্ড চুরি করার অন্য একটা পদ্ধতি হল অনুমানের উপর নির্ভর করা। আপনার নাম, ডাকনাম, জন্মতারিখ, স্কুলের নাম ইত্যাদি জেনে নিয়ে হ্যাকাররা বিশেষ সফটওয়্যার বা টুলের সাহায্যে আপনারপাসওয়ার্ড ভেঙে ফেলতে পারে। এই পদ্ধতিই ব্রুটফোর্স অ্যাটাক (Bruteforce attack) বা গা-জোয়ারি আক্রমণ নামে পরিচিত।

## Dictionary attacks:



Hackers also try with all possible dictionary words to crack your password with the help of some software tools. This is called a "Dictionary attack".

### Sharing your passwords with strangers:

Sharing the passwords with the unknown persons (strangers) may also lead to loss of your personal information. They can use your login information and can get the access to your information. The operating system does not know who is logging into the system, it will just allow any person who enters the credential information into the login page. The persons like strangers after getting access to your information they can do anything with it. They can copy, modify or delete it.

## Guidelines for maintaining a good password

- Use at least 8 characters or more to create a password. The more number of characters we use, the more secure is our password.
- Use various combinations of characters while creating a password. For example, create a password consisting of a combination of lowercase, uppercase, numbers and special characters etc.
- Avoid using the words from dictionary. They can be cracked easily.
- Create a password such that it can be remembered. This avoids the need to write passwords somewhere, which is not advisable.
- A password must be difficult to guess.
- Change the password once in two weeks or when you suspect someone knows the password.
- Do not use a password that was used earlier.
- Be careful while entering a password when someone is sitting beside you.
- Do not use the name of things located around you as passwords for your account.
- Be aware of Shoulder Surfers at public places or schools while entering your passwords. Cover the keyboard with paper or hand or something else from viewed by unauthorized users.
- You should not write the passwords on the paper or on any disk drive to store it, brain is the best place to store them.
- You should not use a password that represents their personal information like nicknames, phone numbers, date of birth etc.

## অভিধান আক্রমণ (Dictionary attacks)



''হ্যাকার'' নামক বিশেষরকম দক্ষ ব্যক্তিরা বিশেষ সফটওয়্যার ও টুলের সাহায্যে অভিধানের সম্ভাব্য সব শব্দ ব্যবহার করে আপনার পাসওয়ার্ড ভেঙে ফেলতে পারে— এই পদ্ধতিকে বলে ডিকশনারি অ্যাটাক।

**অচেনা অজানা ব্যক্তির সঙ্গে আপনার পাসওয়ার্ড জানা-জানি করলে** আপনি বিপদে পড়তে পারেন; আপনার ব্যক্তিগত তথ্য বেহাত হতে পারে। এমন হলে তারা আপনার সিস্টেমে ঢুকে পড়ে তা ব্যবহার করতে পারে। ঐ সময় আপনি না আর কেউ আপনার সিস্টেমে ঢুকে রয়েছে তা আপনার সিস্টেম জানতে পারবে না। হ্যাকাররা এইভাবে ঢুকে পড়ে আপনার তথ্য কপি করতে, পাল্টাতে বা মুছে দিতে পারে।

## নিরাপদ পাসওয়ার্ডের জন্য পরামর্শ

●আট বা তার বেশি অক্ষরের পাসওয়ার্ড ব্যবহার করুন। পাসওয়ার্ড বেশি অক্ষরের হলে আপনার সুরক্ষাও শক্তিশালী হবে।
●পাসওয়ার্ড তৈরির সময় অক্ষরের সঙ্গে সংখ্যা ও বিশেষ ক্যারেকটার ও চিহ্ন ব্যবহার করুন।
●অভিধান থেকে শব্দ নিয়ে তা পাসওয়ার্ড হিসেবে ব্যবহার করবেন না; এরকম পাসওয়ার্ড সহজেই বের করে ফেলা যায়।
●এমন পাসওয়ার্ড ব্যবহার করবেন যা কোথাও লিখে রাখার দরকার পড়ে না, সহজেই মনে রাখা যায়।
●পাসওয়ার্ড যেন হ্যাকাররা সহজে অনুমান করতে না পারে, এটা খেয়ালে রাখুন।
●আপনার পাসওয়ার্ড কেউ জেনে ফেলেছে সন্দেহ হলে শীঘ্র পাল্টে নিন ; পনের দিন অন্তর পাসওয়ার্ড বদল করুন।
● আগে ব্যবহার করা কোনো পাসওয়ার্ড পুনরায় ব্যবহার করবেন না।
●আপনার আশেপাশে কেউ থাকলে পাসওয়ার্ড ব্যবহারের সময় সতর্ক থাকুন।
●পাসওয়ার্ড হিসেবে আপনার চারপাশে দৃশ্যমান কোনো জিনিসের নাম ব্যবহার করবেন না।
●স্কুলে বা কোনো প্রকাশ্যস্থানে (Public Place) পাসওয়ার্ড ব্যবহারের সময় সাবধান থাকুন যাতে উঁকি-ঝুঁকি মেরে কেউ তা দেখে না ফেলে। একরম সময়ে হাত বা কাগজ দিয়ে কি-বোর্ড যথাসম্ভব আড়াল করুন।
●পাসওয়ার্ড কোথাও লিখে রাখবেন না, আপনার ''মাথা''-ই হল আপনার পাসওয়ার্ড সুরক্ষিত থাকার উপযুক্ত স্থান।
●আপনার নাম, ডাকনাম, জন্মতারিখ, স্কুলের নাম ইত্যাদি পাসওয়ার্ড হিসেবে ব্যবহার করবেন না।

# 2. E-MAIL SECURITY




E-mails are just like postcards from which the information can be viewed by anyone. When a mail is transferred from one mail server to another mail server there are various stops at which there is a possibility of unauthorized users trying to view the information or modify it.

Since a backup is maintained for an e-mail server, all the messages will be stored in the form of clear text though they have been deleted from your mailbox. Hence, there is a chance of viewing the information by the people who are maintaining backups. So, it is not advisable to send personal information through e-mails.

## Some examples of e-mail fraud

- Say, you have won a lottery of million dollars, getting or receiving such kind of mails is a great thing, and really it's the happiest thing. However, these mails may not be true. By responding to such a kind of mails many people lost huge amount of money. So ignore such kind of e-mails, do not participate in it and consider it as a scam.

- Sometimes e-mails offering free gifts and asking personal information are received from unknown addresses. This is one way to trap your personal information.

- Generally spammers or hackers try to steal e-mail address and send malicious software or code through attachments, fake e-mails, and spam and also try to collect your personal information.

# ২. ই-মেলের নিরাপত্তা (E-mail Security)




ই-মেল হল একটা পোস্টকার্ডের মতো যার তথ্য অন্যরা জেনে ফেলতে পারে। যখন কোনো ই- মেল একটা সার্ভার থেকে অন্য সার্ভারে স্থানান্তরিত হয় তখন অনেকগুলি ধাপ অতিক্রম করতে হয় এবং এই ধাপগুলি অতিক্রম করার সময় অন্যব্যক্তি তা জেনে ফেলতে পারে।

আপনি আপনার মেলবক্স থেকে সব মুছে (Delete) ফেললেও মেল সার্ভারে তা ব্যাকআপ হিসেবে জমা থেকে যায়। আবার এই ব্যাকআপ যারা তত্ত্বাবধান করেন তাদের মাধ্যমে আপনার ব্যক্তিগত তথ্য অন্যদের জেনে যাবার একটা সম্ভাবনা থেকে যায়। তাই-মেলের মাধ্যমে ব্যক্তিগত তথ্য আদান-প্রদান করবেন না।

## ই-মেলের মাধ্যমে প্রতারণার কয়েকটি উদাহরণ

●“আপনি লক্ষাধিক টাকার লটারি জিতেছেন”— এজাতীয় লোভনীয় ই-মেলের ফাঁদে পড়ে উত্তর দিতে গিয়ে বহু মানুষ প্রতারিত হয়েছেন। ফাঁদে পড়বেন না। এগুলিকে উপেক্ষা করুন এবং প্রতারণা হিসেবেই বিবেচনা করুন।

●অনেক সময় অজানা ঠিকানা থেকে বিনামূল্যের উপহারের লোভ দেখিয়ে ই-মেলে আপনার ব্যক্তিগত তথ্য জেনে নেওয়ার জন্য ফাঁদ পাতা হয়।

●সাধারণভাবে প্রতারকেরা ই-মেল ঠিকানা (e-mail address) চুরি করে নানা ধরনের প্রলোভন দেখিয়ে ভুয়ো মেল পাঠায়; আপনি তাতে অংশগ্রহণ করলে বিশেষ বিশেষ কৌশলে তারা আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে নেয়।

## Guidelines for using e-mail safely

- Since the e-mail messages are transferred in clear text, it is advisable to use some encryption software like PGP (pretty good privacy) to encrypt e-mail messages before sending, so that it can be decrypted only by the specified recipient only.

- Use e-mail filtering software to avoid Spam or so unwanted mails that only messages from authorized users are received. Most e-mail providers offer filtering services.

- Do not open attachments coming from strangers, since they may contain a virus along with the received message.

- Be careful while downloading attachments from e-mails into your hard disk. Scan the attachment with updated antivirus software before saving it

- Do not send messages with attachments that contain executable code like Word documents with macros, .EXE files and ZIPPED files. We can use Rich Text Format instead of the standard .DOC format RTF will keep your formatting, but will not include any macros. This may prevent you from sending virus to others if you are already infected by it .

- Avoid sending personal information through e-mails.

- Avoid filling forms that come via e-mail asking for your personal information and do not click on links that come via e-mail.

- Do not click on the e-mails that you receive from unknown users.



## ই-মেল নিরাপত্তার জন্য কী করবেন?

●কেবলমাত্র টেক্সট মেসেজই ই-মেলে পাঠান এবং পাঠানোর আগে গোপনীয়তা রক্ষার জন্য PGP বা Pretty Good Privacy জাতীয় সফটওয়্যার ব্যবহার করুন।

●এলোমেলো বা স্প্যাম মেল এড়ানোর জন্য ই-মেল বিশেষ ধরণের (Filter) সফটওয়্যার ব্যবহার করুন। সমস্ত ইন্টারনেট প্রদানকারী-সংস্থাই এই পরিষেবা দিয়ে থাকে। কেবলমাত্র বৈধ ব্যক্তির সঙ্গেই ই-মেল আদান-প্রদান করুন।

●সন্দেহজনক ই-মেলের সঙ্গে আসা সংযুক্তি (attachment) খুলবেন না; এগুলির মধ্যে ভাইরাস থাকতে পারে।

●ই-মেলের সঙ্গে আসা কোনো সংযুক্তি (attachment) ডাউনলোড করার সময় সতর্ক থাকতে হবে। অতি অবশ্যই সেগুলি হার্ডডিস্কে সঞ্চয় করার আগে উপযুক্ত অ্যান্টিভাইরাস চালিয়ে স্ক্যান করতে হবে— ভাইরাসকে নিষ্ক্রিয় করার জন্য।

●ই-মেলের সঙ্গে কার্যকর সংকেতযুক্ত (executable code) কোনো সংযুক্তি পাঠাবেন না; যেমন ওয়ার্ড ডকুমেন্টের সঙ্গে ম্যাক্রো (Macro), এক্সেল ফাইলের সঙ্গে জিপ ফাইল (ZIP File) ইত্যাদি। এসবের বদলে কেবলমাত্র রিচ টেক্সট ফরম্যাট ব্যবহার করলেই নিরাপদ থাকতে পারবেন। এ ব্যাপারে RTF আপনাকে সুরক্ষিত রাখতে পারে। কিন্তু এর সঙ্গে ম্যাক্রো যুক্ত করা যাবে না। যদি আপনি ইতোমধ্যেই অন্যের পাঠানো ভাইরাসে আক্রান্ত না হয়ে থাকেন তাহলে এই ব্যবস্থার দ্বারা আপনি সুরক্ষিত থাকতে পারবেন।

●ই-মেলের মাধ্যমে ব্যক্তিগত তথ্য আদান-প্রদান করা থেকে বিরত থাকুন।

●ব্যক্তিগত তথ্য দিয়ে ই-মেলের মাধ্যমে আসা ফর্ম পূরণ করবেন না। ই-মেলে আসা কোনো লিংক-এ ক্লিক করবেন না।

●অজ্ঞাত পরিচয় ব্যক্তির কাছ থেকে পাওয়া ই-মেল খুলবেন না।



# 3. ONLINE SCAMS

Online scam is an attempt to trap you for stealing money. There are many types of online scams, this includes stealing money with fake names, fake photos, fake e-mails, forged documents, fake job offers and many more. Generally, it happens by sending fake e-mails for your personal details like online banking details, credit card details. Sometimes e-mails are sent from lottery companies with fake notice, whenever you participate in online auction and e-mails received for fake gifts.

**Phishing scam:** Online scammers send you an e-mail and ask your account information or credit card details along with a link to provide your information. Generally, the links sent will be similar to your bank. So whenever you post your details in the link then the details will be received by scammers and money is misused.

**Lottery scam:** Sometimes you receive an e-mail like "you won a lottery of million dollars" receiving such kind of mails is a great thing, and really it's a happiest thing. By responding to such kind of mails huge amount of money will be lost. As these e-mails are not true, scammers try to fool and trap you to obtain money.

**Online Auction:** If you bid for a product you never get the product promised or don't match the product, and the description given to you may be incomplete, wrong, or fake. The scammer accepts the bid from one person and goes for some other sites where they can get less than the winning bid so scammers may not send the product you wanted.

**Forwarding Product or Shipping Scam:** Generally, it happens for products that are purchased through online advertisement. Cheating may be done using stolen credit cards and shipping to your mail address. You will be fooled and asked to reship the product to others they might have deceived, who would again reship the product overseas.



# ৩. অনলাইন প্রতারণা (Online Scams)

অনলাইনে আপনার অর্থ আত্মসাৎ করার জন্য বিভিন্নভাবে জাল বিস্তার করা হয়। নানাভাবে এই প্রতারণা হতে পারে, যেমন ভুয়ো নাম ও ছবি ব্যবহার করে, চাকরির মিথ্যা প্রলোভন ইত্যাদি দেখিয়ে। সাধারণত ভুয়ো ই-মেল পাঠিয়ে আপনার অনলাইন ব্যাঙ্কিং ও ডেবিট/ক্রেডিট কার্ড সংক্রান্ত তথ্য জানতে চাওয়া হয়। কখনো কখনো আপনি লটারিতে প্রচুর টাকা জিতেছেন বা মূল্যবান উপহার পেয়েছেন এমন খবর জানিয়ে আপনার কাছে ই-মেল পাঠানো হয় যাতে আপনি লোভে পড়ে ঐসমস্ত ই-মেল পড়েন এবং তাতে অংশগ্রহণ করেন।

## ফিসিং স্ক্যাম (Phishing Scams)

অনলাইন প্রতারকরা ই-মেলে একটা লিংক দিয়ে আপনার ব্যাঙ্কের বিস্তারিত তথ্য জানতে চায় এবং একই লিংক তারা আপনার ব্যাঙ্কেও পাঠায়। যখনই আপনি ঐ লিংকে আপনার ব্যাঙ্কের তথ্যাবলি পাঠিয়ে দেন তখন তা চলে যায় ঐ প্রতারকদের কাছে— এইভাবে প্রতারকরা আপনার টাকা সরিয়ে ফেলতে পারে।

## লটারি স্ক্যাম (Lottery Scam)

বিভিন্ন সময় "**আপনি লটারিতে লক্ষাধিক টাকা জিতেছেন**" এমন ই-মেলও পেতে পারেন। এই জাতীয় ই-মেলে প্রলুব্ধ হয়ে উত্তর দিলেই আপনার অর্থহানি ঘটতে পারে।

## অনলাইন নিলাম (Online Auction)

অনলাইন নিলামে প্রতারকরা একটি জিনিস দেখিয়ে আপনার টাকা নিয়ে তার চেয়ে কম দামের আপনার দরকারি/অদরকারি জিনিস গছিয়ে দেওয়ার চেষ্টা করতে পারে। এজন্য তারা কৌশলে নানা লোভনীয় জিনিসের ছবি দেখায়, মিথ্যা ও অসম্পূর্ণ তথ্য ব্যবহার করে; ফলে আপনি আপনার চাওয়া দ্রব্যটি পেলেন না বা পেলেন কোনো স্বল্পমূল্যের দ্রব্য যা আপনি চান নি।

## শিপিং স্ক্যাম (Shipping Scam)

অনলাইন বিজ্ঞাপনের মাধ্যমে চুরি করা ক্রেডিট কার্ড দিয়ে কেনা নানা মূল্যবান সামগ্রীর প্রতি আপনি আকৃষ্ট হলে আপনার ঠিকানায় তা পাঠিয়েও প্রতারণা করা হতে পারে। আমেরিকান বা কোনো বিদেশি বহুজাতিক সংস্থার নাম ব্যবহার করে এসব প্রতারণা করা হয়।



**E-mail Scam:** Sometimes you get an e-mail with a message like — you have won something special like digital camera, webcam - all you need to do is just visit our web site by clicking the link given below and provide in your debit or credit card details to cover shipping and managing costs. However, the item never arrives but after some days the charges will be shown on your bank account, and you will lose money.

**By e-mails:** Generally, fraudsters send you an e-mail with tempting offers of easy access to a large sum of money and ask you to send scanned copies of personal documents like your address proof, passport details and ask you to deposit an advance fee for a bank account. So once you deposit the funds, they take money and stop further communication, leaving you with nothing in return.

## Tips to Prevent Online Scams


**Confirm whether e-mail is received from bank or not:** Be cautious while providing bank details online and before proceeding further confirm with the bank about the e-mail you received. Think that, if something is important or urgent why doesn't the bank call me instead of sending e-mail?

**Confirm the shipping:** Beware of shipping scam. Make sure you get authorized signed document via fax before proceeding further and make sure that you receive it from an authorized company.

**Be cautious during online auction:** Don't be trapped with discounts and think wisely before you proceed with online auction. Think why $200 product would be $ 20.

**Be aware about the product you receive via e-mail:** Be aware about the products you get for a discounted price. Think why you have received e-mail for products when you never enter any online shopping or contest.

**Don't be trapped by lottery scam:** Don't get trapped by scammers and e-mails with a subject line you won some $10000. Just think why only you have received the e-mail without your participation!



## ই-মেল স্ক্যাম (E-mail Scams)

লটারিতে আপনি ওয়েব ক্যামেরা বা ডিজিটাল ক্যামেরা জিতেছেন বলে অভিনন্দন জানিয়ে ই-মেল আসতে পারে। এই ধরনের ই-মেলের সঙ্গে অন্য ওয়েবসাইটের লিংক দেওয়া থাকে যাতে ঢুকে পড়লে আপনার ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের বিস্তারিত তথ্য জানাতে বলা হয় ঐ দ্রব্যগুলি আপনার ঠিকানায় পাঠানোর খরচের জন্য। কিন্তু ঐ দ্রব্যগুলি কখনোই আসে না অথচ আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে টাকা কাটা যায়।

"**সহজে আয় করুন**" জাতীয় লোভনীয় বিজ্ঞাপনে আপনার শিক্ষাগত যোগ্যতা ও পরিচয়পত্রের যেমন পাসপোর্ট, অ্যাডমিট কার্ড ইত্যাদি স্ক্যান করে পাঠাতে বলা হয় এবং সঙ্গে ফি বাবদ টাকা জমা করতে অনুরোধ করা হয়। আপনি টাকা জমা দেওয়ার পর তারা পরবর্তী সময়ে আর কোনোরকম যোগাযোগ রাখে না।


## প্রতিরোধের জন্য প্রয়োজনীয় পরামর্শ

●বিস্তারিত তথ্য দেবার সময় সবার আগে আপনার ঠিকানায় আসা ই-মেলটি সত্যিই ব্যাঙ্ক থেকে এসেছে কিনা নিশ্চিত হোন। এভাবে ভাবুন— জরুরি থাকলে ব্যাঙ্ক আপনাকে ফোন করে ডেকে না পাঠিয়ে ই-মেল করল কেন?

● শিপিং স্ক্যামের বিয়য়ে ফ্যাক্স বা অন্যকোনো বৈধ উপায়ে বিষয়টি যাচাই করে তবে পরবর্তী ধাপে যান।

●অনলাইন নিলামের বিষয়ে সতর্ক থাকুন। "**বিশেষ ছাড়**"-এর ফাঁদে পা দেবেনে না। সতর্ক বিবেচনার সঙ্গে এগোবেন। ভালো করে ভেবে দেখুন কেন ২০০ টাকার জিনিস মাত্র ২০ টাকায় দেবার প্রলোভন! ভাবুন, আপনি না চাইলেও কেন আপনাকে "**বিশেষ ছাড়**"-এর প্রস্তাব দিয়ে ই-মেল পাঠানো হল?

●লটারির ধোঁকা যারা দেয় তাদের ফাঁদে পা দেবেন না। ভাবুন, অংশগ্রহণ না করেও আপনি কীভাবে লটারি জিততে পারেন?



# 4. SOCIAL NETWORKING RISKS



Social networking has become most popular activity in today's Internet world, with billions of people across the world using this media to meet old friends, making new friends, to collect and share information. Social networking while being a popular media has several disadvantages associated with it. These sites can be trapped by scammers or hackers leading to loss of confidentiality and identity theft, of the users. Social Networking sites are becoming very popular especially among the youth. These sites expose the kids to various risks like online bullying, disclosure of personal information, cyber-stalking, access to inappropriate content, child abuse, etc. In addition, there are many more risks like fake profiles with false information, malicious application, spam, and fake links which lead to phishing attacks etc.



**Spam:** Spam is usually unwanted e-mail advertising about a product sent to list of e-mails or group of e-mail addresses. Spammers send the unwanted mails or messages to the billions of users of social networking sites which are free; and are easily accessable to gather the personal information of the unsuspecting users.

**Scams:** Online scammers generally send an e-mail or message with a link to the user which ask for the profile information and tells the user that it would add new followers. These links sent to the user would be similar to applications, games etc. So whenever the user post his details in the link then the details will be received by scammers and information would be misused.

**Phishing:** Phishing attack is creation of fake site just similar to original site. These days even social networking phishing has come in different flavours just like phishing attacks on banks and popular trading websites. Social networking phishing has come up with fake mails and messages like offering some specialized themes, updating the profile, updating the security application/features etc.

# ৪. সোসাল নেটওয়ার্কিং-এর ঝুঁকি (Social Networking Risks)



বর্তমান বিশ্বে সোসাল নেটওয়ার্কিং ব্যবস্থা খুব জনপ্রিয় ও কার্যকরী হয়ে উঠছে। গোটা দুনিয়ায় কোটি কোটি মানুষ যেমন এতে অংশ নিয়ে পুরনো বন্ধুদের সঙ্গে যোগাযোগ করছেন, নতুন নতুন বন্ধুত্বের সম্পর্ক তৈরি করছেন এবং তথ্য আদান-প্রদান করছেন; তেমনি পাশাপাশি এর ক্ষতিকারক দিকও রয়েছে। স্ক্যামার বা হ্যাকাররা এই সাইটগুলিকে ট্র্যাপ করে ব্যবহারকারীর পরিচয় ও গোপনীয়তা নষ্ট করে ফেলতে পারে। সোসাল নেটওয়ার্কিং ব্যবস্থা বিশেষভাবে যুবসম্প্রদায়ের কাছে জনপ্রিয় হয়ে উঠছে যদিও এগুলিতে তারা নানাভাবে হয়রানির শিকার হচ্ছেন। যেমন ব্যক্তিগত তথ্য বা ঘটনা সকলের কাছে উন্মুক্ত হয়ে পড়ছে, অবাঞ্ছিত ঘটনা সকলে জেনে ফেলছে, বিয়ের প্রলোভন বা শিশু-প্রতারণার ঘটনাও বাড়ছে। এছাড়া ভুয়ো ছবি বা নাম ব্যবহার করে প্রোফাইল তৈরি করে অন্যকে ঠকানোর প্রবণতাও ব্যাপকহারে বাড়ছে।



## স্প্যাম (Spam)

স্প্যাম হল কোনো পণ্য বিজ্ঞাপিত করার জন্য পাঠানো গুচ্ছমেল (Spam mail) যা একই সঙ্গে অনেককে পাঠানো হয়। এই পদ্ধতিতে স্প্যামার বা স্প্যাম-প্রচারকরা সোসাল নেটওয়ার্কিং সিস্টেম কাজে লাগিয়ে লক্ষ লক্ষ মানুষকে বিনামূল্যে নানা প্রলুব্ধকর ই-মেল বা মেসেজ পাঠিয়ে তাদের ব্যক্তিগত তথ্য সংগ্রহ করতে পারে।

## স্ক্যাম (Scam)

ই-মাধ্যমে স্ক্যামাররা বা স্ক্যাম -প্রচারকরা একাধিক লিংকসহ ই-মেল ও মেসেজ পাঠিয়ে আপনার ব্যক্তিগত তথ্য জেনে নিয়ে অপব্যবহার করতে পারে। এই লিংকগুলি তারা নানারকম অ্যাপ্লিকেশন বা গেম ইত্যাদির মাধ্যমে পাঠায়।

## ফিসিং (Phishing)

আসল সাইটের মত দেখতে নকল সাইট তৈরি করে প্রতারণা করার ঘটনাকে বলে ফিসিং । আজকের দিনে সোসাল নেটওয়ার্কিং সাইটের মাধ্যমে ফিসিং অ্যাটাক ঘটছে নানাভাবে। এজন্য তারা নকল ব্যাঙ্ক ও বাণিজ্যিক সাইটগুলি ব্যবহার করছে। সোসাল নেটওয়ার্কিং সাইটগুলির মাধ্যমে ভুয়ো ই-মেল ও মেসেজ পাঠিয়ে বিশেষ অফার, প্রোফাইল আপডেটিং, সিকিউরিটি অ্যাপ্লিকেশন আপডেটিং ইত্যাদির প্রস্তাব দিয়ে প্রতারণা করা হচ্ছে।

**Clickjacking:** Generally, clickjacking is a malicious technique of tricking Web users into revealing confidential information or taking control of their computer while clicking on seemingly innocuous Web pages. A clickjacking takes the form of embedded code or script that can run without the user's knowledge.




**Malicious applications:** Malicious application might come through different applications while using or installing software. Similarly, the clicking on the social networking application starts the application installation process or link to view the video, etc. In order to fulfil its intended operation the application requests for some elevated privileges from the user like access to basic information , update, post, etc. Sometimes e-mails are received with fake e-mail address like services@facebook.com by an attachment named, "Facebook_Password_4cf91.zip and includes the file Facebook_Password_4cf91exe" that, the e-mail claims, contains the user's new facebook password. When a user downloads the file, it could cause a mess on their computer and which can be infected with malicious software.

## Tips to avoid risks by social networking

- Limit the information you put in the social networking sites.
- Don't put personal information like your family details, addresses, personal photographs, video, etc. In case if you put your personal photographs try to change settings and make visible only for friends
- Most of the sites and services provide options for privacy settings to prevent attackers to view your information. You can make use of these options to choose/deny whom you want to allow to see your information.
- Be careful if you want to meet social networking friends in person, sometimes it may not be their true identity which is posted on the social networking sites.
- Always think before you meet such strangers. If you decide to meet them do it in a public place during the day. Kids should never be allowed to meet such strangers alone.
- Don't ever click suspicious link while logged into social networking accounts.
- Always clean browser's cookies and cache.
- Install a good and latest version of Anti-virus to keep your system free from malicious applications like virus, worms and Trojans.
- Don't ever run any java script while logged into your social networking accounts.
- Don't ever share your password with anyone; and keep changing your password regularly. Always use proper password (min 8 digits with a mix of alpha numeric & special characters)
- Don't ever login to any site other than the legitimate sites and always check the URL for misspelled links before you proceed further.
- Use Virtual Keyboard, wherever possible to enter your password for better security as these cannot be captured by key-loggers.

## ক্লিকজ্যাকিং (Clickjacking)

ক্লিকজ্যাকিং হল প্রতারণার এক কূটকৌশল যার মাধ্যমে তথ্য চুরি করে ভুয়ো ওয়েব পেজের মাধ্যমে ইন্টারনেট ব্যবহারকারীর **কম্পিউটার**ও নিয়ন্ত্রণ করা যায়। ব্যবহারকারীর অজ্ঞাতে গোপন কোডের সাহায্যে তার অসুরক্ষিত জায়গায় ঢুকে পড়ে ক্লিকজ্যাকিং-এর মাধমে হয়রান করা সম্ভব।




## ক্ষতিকারক অ্যাপ্লিকেশন (Malicious Applications)

কোনো সফটওয়্যার চালু/ব্যবহার করার সময় বিভিন্ন ক্ষতিকর অ্যাপ্লিকেশন আপনার ব্যবস্থার মধ্যে চলে আসতে পারে। সোসাল নেটওয়ার্কিং সাইটে ক্লিক করলেও অনেক সময় বিভিন্ন ভিডিও ইত্যাদির সঙ্গে সংযুক্ত হয়ে যায় এবং সেই সঙ্গে নানা অপশন আসে যেগুলিতে ক্লিক করলে প্রাথমিকভাবে আপনার তথ্য স্ক্যামার বা হ্যাকারদের হস্তগত হতে পারে। কখনো কখনো সংযুক্তিসহ services@facebook.com জাতীয় ই-মেল পাঠিয়ে ব্যবহারকারীকে নতুন পাসওয়ার্ড পাঠানো হয়েছে বলে জানানো হয়। ব্যবহারকারী অসচেতনভাবে এটি ডাউনলোড করলে তার **কম্পিউটার** বা মোবাইল ক্ষতিকারক সফটওয়্যার দ্বারা আক্রান্ত হতে পারে।

## সোসাল নেটওয়ার্কিং ব্যবস্থায় বিপদ এড়াবেন কীভাবে?

- সোসাল নেটওয়ার্কিং সাইটগুলিতে সীমিত তথ্য ব্যবহার করুন।
- ব্যক্তিগত ও পরিবারের বিস্তারিত তথ্য দেবেন না; দিলেও তা এমনভাবে দেবেন যাতে আপনার বন্ধুরাই কেবলমাত্র তা দেখতে পান।
- বেশিরভাগ সোসাল নেটওয়ার্কিং সাইটেই গোপনীয়তা রক্ষার জন্য যে প্রয়োজনীয় ব্যবস্থা থাকে তা ব্যবহার করে কেবলমাত্র সীমিত ব্যক্তিকেই সেগুলি দেখার অনুমতি দিন।
- সোসাল নেটওয়ার্কিং সাইটগুলিতে আপনি আপনার যে বন্ধুর সঙ্গে যোগাযোগ করতে চাইছেন তিনি সত্যিই সেই ব্যক্তি নাকি প্রোফাইলটি জাল কিনা নিশ্চিত হোন।
- এই জাতীয় সাইটে পরিচয় হওয়া ব্যক্তির সঙ্গে দেখা করবার আগে বারবার ভাবুন। দরকার মনে করলে দিনের বেলায় প্রকাশ্যস্থানে দেখা করুন। শিশুদের একা একা কোনো অচেনা-অজানা ব্যক্তির সঙ্গে দেখা করার অনুমতি দেবেন না।
- সোসাল নেটওয়ার্কিং সাইটে কোনো সন্দেহজনক লিংকে ক্লিক করবেন না।
- ভাইরাস আক্রমণ থেকে দূরে থাকার জন্য আপনার সিস্টেমে সবসময় শক্তিশালী এবং সাম্প্রতিকতম অ্যান্টি-ভাইরাস ব্যবহার করুন।
- সোসাল নেটওয়ার্কিং সাইটে থাকাকালীন জাভা স্ক্রিপ্ট ব্যবহার করবেন না।
- আপনার পাসওয়ার্ড কাউকে জানাবেন না; নিয়মিত পাসওয়ার্ড বদল করুন।
- কেবলমাত্র বৈধ সাইটেই প্রবেশ করুন। অচেনা নতুন সাইটে যাওয়ার আগে আপনার URL ঠিকঠাক চেক করুন।
- সঠিক নিরাপত্তার জন্য ভার্চুয়াল কি-বোর্ড ব্যবহার করুন এবং পাসওয়ার্ড ব্যবহারের সময় সতর্ক থাকুন।

# 5. ATM THREATS

The Automated Teller Machine (ATM) was first commercially introduced in the 1960s. By 2005, there were over 1.5 million ATMs installed worldwide. The ATM has enhanced the convenience of customers by enabling them to access their cash wherever required from the nearest ATM. Financial institutions have implemented many strategies to upgrade the security at their ATMs and to reduce scope for fraud. These include choosing a safe location for installing the ATM, installation of surveillance video cameras, remote monitoring, anti-card skimming solutions, and increasing consumer awareness.

## RISKS

- The fraudster inserts a folded piece of plastic film into the ATM card slot so that it will hold the card and will not allow it to be expelled by the machine.
- Another method involves use of fake cards using data collected from tiny cameras and devices called "skimmers" that capture and record bank account information.
- Another interesting method of ATM frauds involves the use of "duplicate ATMs" by the fraudsters that uses software which records the passwords typed on those machines.

## TIPS

- Enable your mobile phone number and e-mail with your banking transactions for timely SMS and e-mail alerts.
- Your Financial Institution or Bank will never send you an e-mail asking you to enter your Banking details online.
- Check regularly your credit card or bank account details and keep track of your transactions.
- Update your details such as change of address for receipt of cheque books, statements, debit / credit cards at the right address.
- For protecting phishing attacks, your browser should be enabled with phishing filters and never click links in your e-mail for updating and transactions.
- Keep a strong and easy to remember password and change it regularly.
